বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳ঃ ১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **''প্রধান সহকারী''** (ক) প্রকৌশল অফিসের ১ (এক)টি স্থায়ী পদ, (খ) রেজিস্ট্রার অফিসের ১ (এক)টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রীসহ অফিসের কাজে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''উচ্চমান সহকারী''** ছাত্রীহলের ১ (এক) টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে। নিয়োগের শর্ত মতে মহিলা প্রার্থী হইতে হইবে এবং ছাত্রী হলের অফিস সময়সূচী সকাল ৯ টা হইতে দুপুর ১টা এবং সন্ধ্যা ৭টা হইতে রাত ১০টা পর্যন্ত অফিস সময়সূচী পালন করিতে হইবে।

৩। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''উচ্চমান সহকারী''** (ক) সোহরাওয়ার্দী হলের ১ (এক) টি স্থায়ী পদ, (খ) যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ীপদ, (গ) শেরেবাংলা হলের ১টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''সহকারী হিসাব রক্ষক (অডিট)''** অডিট অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''ক্রাফট ইন্সট্রাক্টর''** ডিএইআরএস অফিসের অধীন (ক) ওয়েল্ডিং এন্ড শীট মেটাল শপের ১ (এক)টি, (খ) মেশিন শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/ বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৬। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''অপারেটর মেকানিক''** ডিএইআরএস অফিসের অধীন মেশিন শপের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২(দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৭। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''ডাটা এন্ট্রি অপারেটর''** আইআইসিটির ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে স্নাতক ডিগ্রীসহ প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''ষ্টোর কীপার গ্রেড-২''** রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে কমপক্ষে স্নাতক ডিগ্রী এবং সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৯। ৳ঃ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **''ফটোগ্রাফার কাম রিপোর্টার''** ডিএইআরএস অফিসের ১ (এক)টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রীধারী এবং ফটোগ্রাফি সার্টিফিকেট কোর্স সম্পন্ন হইতে হইবে। ফটোগ্রাফি, ফটোগ্রাফিক যন্ত্রপাতি মেরামত, আধুনিক ফটোগ্রাফিক মেশিন অপারেটিং, মুদ্রণ এবং রিপোর্টিং করার মত দক্ষতা ও অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

১০। ৳ঃ ৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে **'টেলিফোন অপারেটর''** প্রকৌশল অফিসের ১টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে)ঃ প্রার্থীকে অবশ্যই ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে এবং টেলিফোন শিল্প সংস্থায় ট্রেনিংসহ কমপক্ষে এস.এস.সি পাশ হইতে হইবে। অথবা সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ২ বৎসরের অভিজ্ঞতাসহ মোট ৪ (চার) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন এবং এস.এস.সি পাশ হইতে হইবে। প্রার্থীর অবশ্যই স্বাধীনভাবে পি.এ.বি.এক্স লাইন চালনায় যোগ্যতা থাকিতে হইবে। বিজ্ঞান বিভাগে এইচ.এস.সি পাশ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১১। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''সুপারভাইজার''** (ক) প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ (খ) তিতুমীর হলের ১টি স্থায়ীপদ, (গ) কাজী নজরুল ইসলাম হলের ১টি স্থায়ীপদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুপারভিশনের কাজে অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। অথবা এস.এস.সি সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। টাইপ জানা প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১২। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''এলডিএ কাম-কম্পিউটার অপারেটর''** (ক) পানি সম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (খ) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতা সম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

১৩। ৳ঃ ৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **''ইলেকট্রিশিয়ান''** প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পরীক্ষায় পাশসহ কোন সরকারী প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত কোন প্রতিষ্ঠান যথা- মিরপুর টেকনিক্যাল, সরকারী ভোকেশনাল ইনস্টিটিউট, সেন্ট জোসেফ টেকনিক্যাল স্কুল, নারিন্দা ও জার্মান টেকনিক্যাল, মিরপুর ইত্যাদি হইতে কমপক্ষে ৬ মাসের সংশ্লিষ্ট ট্রেড কোর্স পাশ হইতে হইবে। তৎসহ ন্যূনপক্ষে 'বি' গ্রেড প্রাপ্ত লাইসেন্সসহ ৫(পাঁচ) বৎসর অথবা 'সি' গ্রেড লাইসেন্সসহ ১০ (দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। অধিক অভিজ্ঞতাসম্পন্ন এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি পাশের শর্ত শিথিলযোগ্য।

১৪। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **''হেড সিকিউরিটি গার্ড''** রেজিস্ট্রার অফিসের অধীনে এষ্টেট, লিগ্যাল এন্ড সিকিউরিটি উইং -এর ১ টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ আনসার ট্রেনিং ইন্সটিটিউট হইতে ট্রেনিং প্রাপ্ত হইতে হইবে। প্রার্থীকে সিকিউরিটি গার্ড হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন হইতে হইবে। প্রার্থীকে ভাল স্বাস্থ্য, চটপটে এবং সিকিউরিটি গার্ড/দারোয়ানদেরকে পরিচালনা করার সামর্থসম্পন্ন হইতে হইবে।

১৫। ৳ঃ ৯৭০০-২৩৪৯০/- (ভারী লাইসেন্স) ঃ ''**ড্রাইভার**'' ডিএইআরএস অফিসের জন্য ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এস.এস.সি পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৬। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে ''**কার্পেন্টার**'' ডিএইআরএস অফিসের অধীন কার্পেন্ট্রি শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি ভোকেশনাল ইন কার্পেন্ট্রি পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি/ সমমানের পরীক্ষায় পাশসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে বা ওয়ার্কশপে কার্পেন্টার হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ নিয়মিত ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

১৭। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে ''**গ্রাউন্সম্যান**'' ছাত্রকল্যাণ পরিদপ্তরের অধীন শারীরিক শিক্ষা বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জে.এস.সি/ সমমানের পরীক্ষায় পাশসহ শক্ত কাজ করার সামর্থসম্পন্ন হইতে হইবে। খেলার মাঠ তৈরীর কাজে অবশ্যই প্রচুর জ্ঞান থাকিতে হইবে এবং ঘাস কাটার মেশিন পরিচালনায় ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৮। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে ''**ল্যাবঃ এটেনডেন্ট**'' (ক) ডিএইআরএস অফিসের জন্য ১টি স্থায়ী পদ, (খ) পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ, (ঘ) পানিসম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

১৯। ৳ঃ ৯০০০-২১৮০০/- বেতন স্কেলে ''**শপ এটেনডেন্ট**'' ডিএইআরএস অফিসের অধীন কার্পেন্ট্রী শপের ২টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

২০। ৳ঃ ৮৫০০-২০৫৭০/- বেতন স্কেলে''**অফিস এটেনডেন্ট**'' দুর্ঘটনা রিসার্চ ইন্সটিটিউটের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি পাশসহ অফিসের কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

২১। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে ''**এমএলএসএস**'' (ক) আইআইসিটি'র ১টি স্থায়ী পদ, (খ) পানিসম্পদ কৌশল বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) গণিত বিভাগের ১টি স্থায়ী পদ, (ঘ) যন্ত্রকৌশল বিভাগের ১টি স্থায়ীপদ, (ঙ) পরিকল্পনা ও উন্নয়ন পরিদপ্তরের ১টি স্থায়ীপদ, (চ) পিএমআরই বিভাগের ১টি স্থায়ীপদ, (ছ) ডিএইআরএস অফিসের (তথ্য প্রকাশনা শাখা'র) ১টি স্থায়ী পদ, (জ) ছাত্রী হলের ১টি স্থায়ী পদ (য) প্রকৌশল অফিসের ১টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে), (ঞ) মানবিক বিভাগের ১টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে) ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

২২। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "**পরিচ্ছন্নতা কর্মী**" আইডব্লিউএফএম -এ ১টি স্থায়ীপদ ঃ প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। (নিয়োগের শর্ত মতে, মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে)।

২৩। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "**মালী**" (ক) প্রকৌশল অফিসের ২টি অস্থায়ী পদ (ভবিষ্যতে স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে), (খ) শেরে বাংলা হলের ১টি স্থায়ী পদ, (গ) কাজী নজরুল ইসলাম হলের ১টি স্থায়ীপদ, (ঘ) আহসান উল্লাহ হলের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

২৪। ৳ঃ ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে "**গার্ড**" রেজিস্ট্রার অফিসের অধীনে এস্টেট, লিগ্যাগ এন্ড সিকিউরিটি উইং-এর ৯ (নয়)টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/ সমমানের পরীক্ষায় পাশসহ সু-স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। রাইফেল চালানোর অভিজ্ঞতা থাকিলে ভাল হয়। বয়স ১৮-৩৫ বৎসর। অবসরপ্রাপ্ত সামরিক কর্মচারীর জন্য বয়স শিথিলযোগ্য।

বিঃ দ্রঃ- ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা ও জন্ম তারিখ ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ১৯ নং পদের ক্রমিকের জন্য ৮০/- (আশি) টাকার এবং ২০ হইতে ২৪ নং ক্রমিকের পদের জন্য ৩০/- টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ ঃ ০৫ /১০/ ২০১৬ তারিখ বিকাল ৪-৩০ মিনিট পর্যন্ত।

রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। প্রোগ্রামার, রেজিস্ট্রার অফিস। সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো যাইতেছে।